# গুলিস্তানে ড্রেনে লুকিয়েও রক্ষা পেলেন না আ.লীগ নেতা



ছবি: সংগৃহীত

পুলিশের হাত থেকে বাঁচতে রাজধানীর গুলিস্তানের একটি ড্রেনে লুকিয়েও শেষ রক্ষা হয়নি আওয়ামী লীগের এক নেতার। পরে তাকে ড্রেন থেকে টেনে তুলে আটক করে প্রিজন ভ্যানে নেওয়া হয়। এ ঘটনার একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়েছে।

শনিবার (২৬ সেপ্টেম্বর) বিকেলে গুলিস্তানে জাতীয় সমাজতান্ত্রিক দলের (জাসদ) কার্যালয়ে এ ঘটনা ঘটে। সেখানে গোপন বৈঠকের অভিযোগে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের প্রায় ৩০০ নেতাকর্মীকে আটক করে ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি)।

ডিএমপির মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশনস বিভাগের উপপুলিশ কমিশনার (ডিসি মিডিয়া) ও মুখপাত্র মো. আকতার হোসেন বিষয়টি নিশ্চিত করেছেন।

পুলিশ ও প্রত্যক্ষদর্শীদের তথ্য অনুযায়ী, শনিবার দুপুরের পর জাসদ কার্যালয়ে আওয়ামী লীগের শতাধিক নেতাকর্মী জড়ো হন। সেখানে গোপন বৈঠক হচ্ছে—এমন খবর ছড়িয়ে পড়লে যুবদলের কেন্দ্রীয় নির্বাহী কমিটির যুগ্ম সাধারণ সম্পাদকসহ পল্টন থানা যুবদলের নেতাকর্মীরা কার্যালয়টি ঘিরে ফেলেন।

খবর পেয়ে পরে ডিএমপির মতিঝিল বিভাগের পুলিশ সেখানে যায়। কার্যালয়ে বিপুলসংখ্যক পুলিশ সদস্য অবস্থান নেন। বিকেল ৪টার দিকে একে একে অনেককে হাতকড়া পরিয়ে কার্যালয় থেকে বের করে আনা হয়।

এ সময় কয়েকজন পালানোর চেষ্টা করেন। তাদের মধ্যে একজন আওয়ামী লীগ নেতা গুলিস্তানের একটি ড্রেনে ঢুকে লুকিয়ে পড়েন। পুলিশ পরে তাকে সেখান থেকে টেনে বের করে আটক করে প্রিজন ভ্যানে তোলে।

আটক ব্যক্তিদের পরে পল্টন থানায় নেওয়া হয়েছে। সেখানে তাদের পরিচয় ও জাসদ কার্যালয়ে অবস্থানের কারণ যাচাই করা হবে। এরপর যাচাই-বাছাইয়ের ভিত্তিতে পরবর্তী আইনগত ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছে পুলিশ।